একসেস টু ইনফরমেশন প্রোগ্রাম
প্রধানমন্ত্রীর কার্যালয়
ঢাকা

## বাংলাদেশে Open Government Data (OGD) সংক্রান্ত কার্যক্রম পরিচালনা বিষয়ে নীতি নির্ধারণী সভার কার্যবিবরণী:

সভাপতি: জনাব মো: আবুল কালাম আজাদ, মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
সভার তারিখ: ১১ নভেম্বর ২০১৫, সময়: বিকাল ৩:০০ টা
স্থান: প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা-১২১৫

সভার উপস্থিতি পরিশিষ্ট "ক"-তে দেখানো হয়েছে।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সভায় উপস্থিত এটুআই-এর প্রকল্প পরিচালক ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের মহাপরিচালক (প্রশাসন) জনাব কবির বিন আনোয়ার বাংলাদেশে Open Government Data (OGD) সংক্রান্ত কার্যক্রমের বিষয়ে নীতিগত পদক্ষেপ গ্রহণের লক্ষ্যে সভার কার্যপত্র উপস্থাপন করেন। তিনি বলেন যে, Open Govt. Data (OGD) ধারণাটি আমাদের নিকট সাম্প্রতিক হলেও পৃথিবীর অন্যান্য দেশে ইতোমধ্যে এ বিষয়ে অনেক দূর এগিয়ে গেছে। দেশের জনগণ যাতে সহজে সরকারি তথ্য পেতে পারে সেজন্যই OGD কার্যক্রম বাস্তবায়নের পদক্ষেপ গ্রহন করা প্রয়োজন। অতঃপর আলোচ্যসূচি মোতাবেক নিম্নোক্তভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

আলোচ্যসূচি-১: Open Government Data (OGD)-এর কর্মকৌশল নির্ধারণ:

আলোচনা:
সভা এ মর্মে অবহিত হয় যে, বিশ্বের অন্যান্য দেশের ন্যায় বাংলাদেশেও Open Government Data বিষয়ক কর্মকৌশল নির্ধারণের জন্য এটুআই প্রোগ্রাম একটি খসড়া কৌশলপত্র তৈরি করেছে। সভাপতি বলেন যে, এবিষয়ে কর্মকৌশল নির্ধারণের জন্য সংশ্লিষ্টদের নিয়ে একটি কমিটি করা যেতে পারে। উক্ত কমিটি কৌশলপত্রটি চূড়ান্ত করার জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে পারে।
সিদ্ধান্ত:
(ক) OGD Strategy Review and Formulation-এর জন্য নিম্নলিখিত কমিটি গঠিত হলো:

| | |
|---|---|
| (১) সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ- | সভাপতি |
| (২) প্রতিনিধি, মন্ত্রিপরিষদ বিভাগ- | সদস্য |
| (৩) প্রতিনিধি, স্বরাষ্ট্র মন্ত্রণালয়- | সদস্য |
| (৪) প্রতিনিধি, জনপ্রশাসন মন্ত্রণালয়- | সদস্য |
| (৫) প্রতিনিধি, শিক্ষা মন্ত্রণালয়- | সদস্য |
| (৬) প্রতিনিধি, বাংলাদেশ ব্যাংক- | সদস্য |
| (৭) প্রতিনিধি,অর্থ বিভাগ- | সদস্য |
| (৮) প্রতিনিধি, স্থানীয় সরকার বিভাগ- | সদস্য |
| (৯) প্রতিনিধি, বাণিজ্য মন্ত্রণালয়- | সদস্য |
| (১০) প্রতিনিধি, আইসিটি বিভাগ- | সদস্য |
| (১১) প্রতিনিধি, বিসিসি- | সদস্য |
| (১২) প্রতিনিধি, তথ্য কমিশন- | সদস্য |
| (১৩) প্রতিনিধি, পরিসংখ্যান ব্যুরো- | সদস্য |
| (১৪) প্রতিনিধি, এটুআই- | সদস্য-সচিব |

কমিটি'র কার্যপরিধি:

(১) কমিটি এটুআই কর্তৃক প্রস্তুতকৃত ও সভায় সরবরাহকৃত খসড়া কৌশল পত্রটি পরীক্ষা-নিরীক্ষা করতঃ প্রাথমিকভাবে চূড়ান্ত করবেন;

(২) কৌশলপত্রটি চূড়ান্তভাবে অনুমোদনের জন্য আন্তঃমন্ত্রণালয় সভার আয়োজনসহ যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন;

(৩) প্রয়োজনে এ কমিটিতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার প্রতিনিধিকে অন্তর্ভুক্ত করা যাবে।

আলোচ্যসূচি-২: Open Government Data (OGD) পোর্টাল তৈরি

আলোচনা:

সভায় অবহিত করা হয় যে, বিশ্বের অধিকাংশ দেশ তাদের দাপ্তরিক তথ্যসমূহ একটি আলাদা পোর্টালের মাধ্যমে সর্বসাধারণের জন্য উন্মুক্ত করেছে। বাংলাদেশেও সরকারের বিভিন্ন দপ্তরে বিদ্যমান (available) ডাটাসমূহ অর্থাৎ Government Data-গুলিকে একটি অনুমোদিত নীতিমালার আলোকে সর্বসাধারণের ব্যবহারের জন্য উন্মুক্ত করা যায়। এলক্ষ্যে Open Government Data Portal তৈরির উদ্যোগ নেয়া যায়। যেসব দপ্তরের ডাটা সর্ব সাধারণের ব্যবহারের জন্য উন্মোচনযোগ্য সেগুলি এই পোর্টালে প্রাথমিক পর্যায়ে দেয়া সম্ভব হবে। যা এক ধরনের ওয়ান স্টপ সার্ভিস হিসেবে কাজ করবে। সরকারের মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর/সংস্থা, মাঠ প্রশাসনের অফিসসমূহ, বেসরকারি সংস্থা ও নাগরিকগণ এই পোর্টাল থেকে বিভিন্ন দপ্তরের ডাটা ব্যবহার করে গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ, দেশী-বিদেশী বিনিয়োগ, ব্যবসা-বাণিজ্য, শিক্ষা ও গবেষণা ইত্যাদি কাজে আত্ম-নিয়োগ করতে পারবে। এর মাধ্যমে সরকারের স্বচ্ছতা ও গ্রহণযোগ্যতা বৃদ্ধি পাবে এবং সংশ্লিষ্ট অফিসের জবাবদিহিতাও নিশ্চিত করা সম্ভব হবে। সভাপতি এ বিষয়ে একমত পোষন করে বলেন যে, এই ধরণের পোর্টাল তৈরির বিষয়টিও প্রণীতব্য কৌশলপত্রে অর্ন্তভুক্ত করতে হবে।

সিদ্ধান্ত:

(১) Open Government Data (OGD) পোর্টাল তৈরির বিষয়টি কৌশলপত্রে অর্ন্তভুক্ত করতে হবে।

(২) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ পোর্টালের ডোমেইন রেজিষ্ট্রেশনের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নেবে। এই পোর্টালের ঠিকানা "data.gov.bd" হতে পারে।

(৩) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ BBS এর মাধ্যমে OGD সংক্রান্ত পলিসি বাস্তবায়ন, ডাটা সংগ্রহ, জনগণের জন্য তা ব্যবহার উপযোগী করে উন্মুক্ত করা, সংশ্লিষ্ট সকল বিভাগ/সংস্থার সাথে সার্বিক সমন্বয় সাধনসহ পোর্টালটি সফলভাবে পরিচালনা করবে।

(৪) OGD পোর্টালটি Hosting, রক্ষণাবেক্ষণ, নিরাপত্তা সংক্রান্ত যাবতীয় কার্যক্রম BCC বাস্তবায়ন করবে। a2i কর্মসূচি OGD পোর্টাল তৈরির জন্য চলমান কার্যক্রম অব্যাহত রাখবে।

(৫) একটি বিজনেস মডেল তৈরি করতে হবে।

আলোচ্যসূচি-৩: Open Government Data (OGD) ব্যবস্থাপনা পদ্ধতি নির্ধারণ:

আলোচনা:

সভায় উপস্থিত কর্মকর্তাগণ জানান যে, Open Government Data (OGD) সংশ্লিষ্ট কার্যক্রমগুলির সুষ্ঠ বাস্তবায়নের জন্য সরকারের বিভিন্ন দপ্তরের প্রতিনিধি নিয়ে একটি নির্বাহী কমিটি ও একটি ওয়ার্কিং গ্রুপ গঠন করা যেতে পারে।

সিদ্ধান্ত:

Open Government Data (OGD) সংক্রান্ত উদ্যোগসমূহের সুষ্ঠু বাস্তবায়ন ও ব্যবস্থাপনার জন্য একটি নির্বাহী কমিটি ও একটি ওয়ার্কিং গ্রুপ গঠন করা হবে।

ক. নির্বাহী কমিটি (Executive Committee):

| | |
|---|---|
| (১) সচিব, সমন্বয় ও সংস্কার ইউনিট, মন্ত্রিপরিষদ বিভাগ- | সভাপতি |
| (২) সচিব, আইসিটি বিভাগ- | সদস্য |
| (৩) সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ- | সদস্য |
| (৪) সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়- | সদস্য |
| (৫) সচিব, তথ্য মন্ত্রণালয়- | সদস্য |
| (৬) সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়- | সদস্য |
| (৭) মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো- | সদস্য |
| (৮) প্রকল্প পরিচালক, এটুআই- | সদস্য |
| (৯-১০) প্রতিনিধি, সুশীল সমাজ/বেসরকারি সংস্থার প্রতিনিধি-২জন, | সদস্য |
| (১১) অতিরিক্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ- | সদস্য-সচিব |

কর্মপরিধি:

(১) বাংলাদেশে Open Government Data (OGD) সংক্রান্ত বিষয়ের সমন্বয়কারি কর্তৃপক্ষ হিসেবে দায়িত্ব পালন;

(২) OGD'র নীতি-কৌশল সংক্রান্ত দিক্-নির্দেশনা প্রদান;

(৩) OGD'র নীতিতে পরিবর্তন আনয়ন কিংবা নতুন কৌশল নির্ধারণে পদক্ষেপ গ্রহণ;

(৪) OGD বাস্তবায়ন সংক্রান্ত গঠিত কার্যনির্বাহী কমিটির দায়িত্ব পালন এবং উদ্দেশ্য পূরণকল্পে সহায়তা প্রদান;

(৫) কমিটি প্রয়োজনে সাব-কমিটি তৈরি করতে পারবে এবং নতুন নতুন সদস্য কো-অপ্ট করতে পারবে;

(৬) সংশ্লিষ্ট বিষয়ে সরকারের বিভিন্ন সংস্থা ও উচ্চ পর্যায়ের সাথে যোগাযোগ ও সমন্বয় সাধন করবে।

(খ) ওয়ার্কিং গ্রুপ (Working Goup)

| | |
|---|---|
| (১) অতিরিক্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ- | সভাপতি |
| (২) প্রতিনিধি, মন্ত্রিপরিষদ বিভাগ- | সদস্য |
| (৩) প্রতিনিধি, বাণিজ্য মন্ত্রণালয়- | সদস্য |
| (৪) প্রতিনিধি, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ- | সদস্য |
| (৫) প্রতিনিধি, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো- | সদস্য |
| (৬) প্রতিনিধি ব্যানবেইস- | সদস্য |
| (৭) প্রতিনিধি, স্বাস্থ্য অধিদপ্তর- | সদস্য |
| (৮) প্রতিনিধি, বাংলাদেশ ব্যাংক- | সদস্য |
| (৯) প্রতিনিধি, তথ্য কমিশন- | সদস্য |
| (১০) প্রতিনিধি, স্থানীয় সরকার বিভাগ- | সদস্য |
| (১১) প্রতিনিধি, ঢাকা বিশ্ববিদ্যালয়- | সদস্য |
| (১২-১৫) প্রতিনিধি, বেসরকারি সংস্থা ও সুশীল সমাজ- ৪ জন (ব্রাক/মানুষের জন্য ফাউন্ডেশন/ক্রিয়েটিভ কমনস/লাইট ক্যাসেল পার্টনার)- | সদস্য |
| (১৬) প্রতিনিধি, সাংবাদিক ফোরাম- | সদস্য |
| (১৭) প্রতিনিধি, এটুআই- | সদস্য-সচিব |

কর্মপরিধি:

(১) Open Government Data বিষয়ে আগ্রহী ও সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠানের জন্য এই কমিটি মূখ্য সমন্বয়কারীর ভূমিকা পালন;

(২) সরকারি দপ্তরের তথ্য সর্বসাধারণের জন্য উন্মোচনের নিমিত্ত প্রয়োজনীয় আইনগত/বিধি-বিধান ও কারিগরী/ব্যবহারিক নির্দেশনা তৈরি ও তা বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

৩৮

(৩) সরকারি দপ্তরের তথ্য প্রকাশের নিমিত্ত যথাযথ উদ্যোগ গ্রহণের বিষয়ে দলিলাদি প্রস্তুত করণ;
(৪) Open government data catalogue তৈরি এবং সেগুলির technical interoperability নির্ধারনের জন্য সহায়ক ভূমিকা পালন এবং এক্ষেত্রে সংশ্লিষ্ট সংস্থা-সমূহের মধ্যে সমন্বয় সাধন;
(৫) open government data উদ্যোগসমূহ বাস্তবায়নের জন্য নীতিমালায় পরিবর্তন কিংবা নতুন কিছু সংযোজনের জন্য নির্বাহী কমিটিকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করবেন;
(৬) কমিটি প্রয়োজনে সাব-কমিটি তৈরি করতে পারবে এবং নতুন নতুন সদস্য কো-অপ্ট করতে পারবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(মো: আবুল কালাম আজাদ)
মুখ্য সচিব
প্রধানমন্ত্রীর কার্যালয়

নং-০৩.৮০৫.০০৬.০০.০০.৯২.২০১৫-৩৮৮৯

তারিখঃ ০৭ ডিসেম্বর ২০১৫

অনুলিপি-সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়/পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ/তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ঢাকা।
২। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা (দৃষ্টি আকর্ষণঃ ড. মো. আব্দুল মান্নান, উপসচিব)।
৩। নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, ঢাকা।
৪। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।

(কবির বিন আনোয়ার)
মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয় ও
প্রকল্প পরিচালক, একসেস টু ইনফরমেশন প্রোগ্রাম
ফোনঃ ৮১৪২৭০০
ই-মেইলঃ kabirbinanwar@pmo.gov.bd

অনুলিপি:
মুখ্য সচিবের একান্ত সচিব
প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
(মুখ্য সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)